



তারিখ : ১২ ফেব্রুয়ারী ২০২৪

## প্রেস বিজ্ঞপ্তি

### বিএনপির সিনিয়র যুগ্ম মহাসচিব অ্যাডভোকেট রুহুল কবির রিজভীর নিন্দা ও প্রতিবাদ

ঢাকা মহানগর উত্তর বিএনপির যুগ্ম আহ্বায়ক মোস্তফা জামান-কে আজ উত্তরার নিজ বাসভবন থেকে গোয়েন্দা পুলিশ কর্তৃক গ্রেফতারের ঘটনায় তীব্র নিন্দা ও প্রতিবাদ জানিয়েছেন বিএনপি'র সিনিয়র যুগ্ম মহাসচিব অ্যাডভোকেট রুহুল কবির রিজভী।

আজ এক বিবৃতিতে বিএনপির সিনিয়র যুগ্ম মহাসচিব বলেন, “৭ জানুয়ারী ডামি ও প্রহসনমূলক নির্বাচনের পর দখলদার আওয়ামী শাসকগোষ্ঠী ক্ষমতা হারানোর ভয়ে এখন বিএনপিসহ বিরোধী দলের নেতাকর্মীদের গ্রেফতার করতে বেপরোয়া হয়ে উঠেছে। ঢাকা মহানগর উত্তর বিএনপির যুগ্ম আহ্বায়ক মোস্তফা জামান-কে আজ উত্তরার নিজ বাসভবন থেকে গোয়েন্দা পুলিশ কর্তৃক গ্রেফতার ফ্যাসিস্ট ও কর্তৃত্ববাদী আওয়ামী সরকারের সেই বেপরোয়া আচরণেরই অংশ। আইন শৃঙ্খলা বাহিনী ও জনপ্রশাসনকে কজায় নিয়ে ৭ জানুয়ারীর একতরফা নির্বাচনের মাধ্যমে জোর করে ক্ষমতায় অধিষ্ঠিত হয়ে আওয়ামী শাসকগোষ্ঠী সবকিছুকেই ধরাকে সরা জ্ঞান করছে। তারা জনগণের ক্ষমতায় বিশ্বাসী নয় বলেই জনগণের আশা-আকাঙ্ক্ষাকে পরোয়া করে না। আর এ কারণেই তারা বিরোধী দলের নেতাকর্মী ও জনগণের ওপর নিষ্ঠুর দমন-পীড়ণ চালিয়ে ক্ষমতায় টিকে থাকতে চায়। বিএনপিসহ বিরোধী দলের নেতাকর্মীদের টার্গেট করে গ্রেফতার এবং মিথ্যা মামলা দিয়ে কারান্তরীণের অমানবিক ও ন্যাক্কারজনক খেলায় মেতে উঠেছে অবৈধ সরকার। তবে কোন কর্তৃত্ববাদী নিপীড়ক সরকারই জনগণের ওপর স্টীমরোলার চালিয়ে বেশীদিন টিকে থাকতে পারেনি। আওয়ামী শাসকগোষ্ঠীও পারবে না।”

বিএনপির সিনিয়র যুগ্ম মহাসচিব বিবৃতিতে মোস্তফা জামান-এর বিরুদ্ধে দায়েরকৃত মিথ্যা ও বানোয়াট মামলা প্রত্যাহারসহ অবিলম্বে নিঃশর্ত মুক্তির জোর আহ্বান জানান।

বার্তা প্রেরক,

স্বঃ মুহাম্মদ মুনির হোসেন

(মুহাম্মদ মুনির হোসেন)

সহ-দফতর সম্পাদক

বাংলাদেশ জাতীয়তাবাদী দল-বিএনপি।